আজকের কাগজ

তারিখ 31 DEC 1995
পৃষ্ঠা 2 কলাম 4

৩৭

# ঢা.বি শিক্ষক সমিতি নির্বাচনে আওয়ামী লীগ সমর্থকদের বিজয়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কার্যকরি পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে আওয়ামী লীগ-সিপিবি সমর্থিত নীল গ্রুপ সভাপতি, সহসভাপতি, সাধারণ সম্পাদক, যুগ্মসম্পাদক, কোষাধ্যক্ষ পদসহ সাতটি সদস্য পদে জয়লাভ করেছে। অপরদিকে বিএনপি-জামাত সমর্থিত সাদা গ্রুপ তিনটি সদস্য পদে জয়লাভ করেছে।

সভাপতি পদে এটিএম জহিরুল হক ৪৪১ ভোট পেয়ে পুনরায় নির্বাচিত হয়েছেন। সহসভাপতি পদে অধ্যাপক মহিবুর রহমান (রসায়ন) ৪১২ ভোট, সাধারণ সম্পাদক পদে আআমস আরেফীন সিদ্দিক ৪৩৬ ভোট, যুগ্মসম্পাদক পদে ডঃ শহীদ আখতার হোসাইন (মৃত্তিকা বিজ্ঞান) ৩৯৪ ভোট, অর্থ সম্পাদক পদে ইফতেখার গনি চৌধুরী (আইবিএ) ৪৫৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। এরা সবাই ছিলেন নীল গ্রুপের মনোনয়নপ্রাপ্ত।

অপরপক্ষে সদস্য পদে নীল গ্রুপের বিজয়ী সাতজন সদস্য হচ্ছেন আবদুল মান্নান চৌধুরী ৪২৫ ভোট, একে আজাদ চৌধুরী ৪৯৩ ভোট, শাহাদত আলী ৪৭৮ ভোট, ইনামুল হক ৪২৪ ভোট, শরিফ উল্লাহ ভূইয়া ৩৯৫ ভোট, খন্দকার বজলুল হক ৪৪৮ ভোট ও গিয়াস উদ্দিন আহমেদ ৩৯১ ভোট। সাদা গ্রুপের বিজয়ী তিনজন সদস্য হচ্ছেন ইউসুফ হায়দার ৪৪০ ভোট, আনোয়ার হোসাইন ৪১৭ ভোট, এএম সিরাজুল ইসলাম ৩৫৬ ভোট।

এ নির্বাচনে হিসাব বিজ্ঞান বিভাগের অধ্যাপক শান্তি নারায়ণ ঘোষ প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন। প্রায় এক হাজার পঞ্চাশ জন শিক্ষক নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করবেন বলে ধারণা করা হলেও ভোটাধিকার প্রয়োগ করেছেন আটশ' পাঁচজন। ৩৪ জন শিক্ষক গতকাল রাজপথ, রেলপথ এবং নৌপথ অবরোধ কর্মসূচি ছিলো বলে নির্বাচন পিছিয়ে দেবার আবেদন জানালেও ৩১ ডিসেম্বরের মধ্যে নির্বাচন সম্পন্ন করার সাংবিধানিক বাধ্যবাধকতা থাকায় নির্বাচন পূর্বঘোষিত তারিখ অর্থাৎ গতকাল অনুষ্ঠিত হয়।